


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা  
www.cumc.edu.bd

### নোটিশ

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (এপিএ) কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সভা আগামী ১৯/০৩/২০২৪ ইং তারিখ রোজ মঙ্গলবার সকাল ৯:০০ ঘটিকায় রিজিওনাল ট্রেনিং সেন্টার এ (মেডিকেল এডুকেশন ইউনিট এর পাশে) অনুষ্ঠিত হবে। উক্ত সভায় পরিবীক্ষণ কমিটির সকল সদস্য সহ সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির সদস্যগনকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

অনুরোধক্রমে



ডাঃ চিন্ময় কুমার সাহা

টিম লিডার

সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি, কুমেক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।  
www.cumc.edu.bd

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪- ৫৩৪

তারিখ : ১৯ মার্চ ২০২৩ খ্রি.

বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের জন্য গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির দ্বিতীয় সভা কুমিল্লা মেডিকেল কলেজের মেডিকেল এডুকেশন ইউনিট কক্ষে অনুষ্ঠিত হয়।

সভাপতি	:	ডাঃ চিন্ময় কুমার সাহা, সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগ ও টিম লিডার, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি, কুমিল্লা মেডিকেল কলেজ
তারিখ	:	১৯/০৩/২০২৪ খ্রি.
সময়	:	সকাল : ০৯.০০ ঘটিকা
স্থান	:	মেডিকেল এডুকেশন ইউনিট কক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হয়েছে।

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির ফোকাল পার্সন ডাঃ নাজনীন জাহান হাফছা, সহযোগী অধ্যাপক, ফার্মাকোলজি বিভাগ কে সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটির কার্যপরিধি ও করণীয় কাজের উপর আলোচনা করার জন্য অনুরোধ করেন। ফোকাল পার্সন, উক্ত কার্যপরিধি ও করণীয় কাজ সম্পর্কে বিশদ ভাবে আলোচনা করেন। উক্ত সভায় উপস্থিত সদস্য বৃন্দ আলোচনায় অংশ গ্রহণ করে তাঁদের মতামত প্রদান করেন। সভায় উপস্থিত সকলের আলোচনা ও মতামতের ভিত্তিতে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্রম নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	পরিবীক্ষণ কমিটি পুনঃগঠন	সবার সম্মতিক্রমে পূর্ববর্তী কমিটি বহাল রাখা হলো। এবং কমিটিকে পূর্বের ন্যায় কার্য সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।	টিম লিডার স্বাস্থ্য সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি।
০২	সিটিজেন চার্টার হালনাগাদ করণ	প্রথম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত, অনুযায়ী সিটিজেন চার্টার হালনাগাদ করণ সম্পন্ন হয়েছে। এবং পুনঃরায় হালনাগাদ করণ সিদ্ধান্ত গৃহীত হয়।	টিম লিডার স্বাস্থ্য সেবা প্রতিশ্রুতি কমিটি।
০৩	প্রশিক্ষণ কর্মশালা আয়োজন	প্রথম সভার সিদ্ধান্ত অনুযায়ী মাইক্রোবায়োলজি বিভাগ কর্মশালা আয়োজন করায় বিভাগীয় প্রধানকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। এবং পরবর্তী কর্মশালা প্যাথলজী বিভাগ আয়োজন করবে, এ বিষয়ে সকলে একমত হন ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	টিম লিডার পরিবীক্ষণ কমিটি।

সভাপতি, এপিএ চুক্তি বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করেন এবং সকল শিক্ষকগণকে সকল কার্যক্রমে সক্রিয় ভাবে অংশ গ্রহণ করার অনুরোধ করেন। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ডাঃ চিন্ময় কুমার সাহা)  
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান মেডিসিন  
ও

টিম লিডার, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা

তারিখ : ১৯ মার্চ ২০২৪ খ্রি.

নং- ৫৯.১৪.০০১৯.০৩৩.০৬.০০১.২০২৪- ৫৩৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল :

১. অধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
২. উপাধ্যক্ষ, কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা।
৩. ডাঃ..... কুমিল্লা  
মেডিকেল কলেজ, কুমিল্লা।
৪. অফিস কপি।



(ডাঃ চিন্ময় কুমার সাহা)  
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান মেডিসিন  
ও

টিম লিডার, সেবা প্রদান প্রতিশ্রুতি কমিটি  
কুমিল্লা মেডিকেল কলেজ, কুমিল্লা